রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সাফিয়াকে মুক্ত করেছেন, আর তাকে মুক্ত করাকেই তার মোহর নির্ধারণ করেছেন।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সাফিয়াকে মুক্ত করেছেন, আর তাকে মুক্ত করাকেই তার মোহর নির্ধারণ
করেছেন।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হুয়াই ছিল বনু নাদিরের একজন নেতা। সাফিয়া ইবন হুয়াই ছিল কিনানাহ ইবন আবুল হাকিকের স্ত্রী। সে খায়বারের দিন নিহত হয়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খায়বার জয় করেন, ফলে নারী ও বাচ্চারা মুসলিমদের বন্দীতে পরিণত হয়, তাদের একজন ছিল সাফিয়া। সে দিহয়া ইবন খালিফা কালবী রাদিয়াল্লাহু আনহুর ভাগে পড়ে। তিনি সাফিয়ার অন্তরের শান্তনাস্বরূপ ও তার হারানো সম্মানের প্রতি দয়া করে দিহয়াকে সাফিয়ার বিনিময়ে আরেকজনকে দিয়ে তাকে নিজের জন্য গ্রহণ করেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের একটি ভদ্রতা হচ্ছে, তিনি তাকে লাঞ্ছিত বাদী হিসেবে ভোগের জন্য গ্রহণ করেন নি, বরং তার মর্যাদা উচ্চে উঠিয়েছেন। যেমন, তাকে বাদীর অপমান থেকে মুক্তি দিয়েছেন এবং তাকে মুমিনদের একজন মা বানিয়েছেন। কারণ, তিনি তাকে মুক্ত করে বিয়ে করেছেন, আর তাকে মুক্ত করাই তার মোহর নির্ধারণ করেছেন।

http://sunnah.global/hadeeth/bn/show/6022